REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

২৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২৮শে ভাদ্র বুধবার ১৩৪৫ ইংরাজী 14th September 1938 | ১৮শ সংখ্যা

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৴১০ দুই পয়সা বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় বিনামূল্যে বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া জানিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

ছাদের জন্য

## লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি
উচিত মূল্যে বিক্রয় করি।
সত্বর দরের জন্য
পত্র লিখুন।

**নিরঞ্জন এণ্ড কোং লিঃ**
প্রোঃ শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
২নং দর্ম্মাহাটা ষ্ট্রীট
কলিকাতা।

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম




সেবনে মেহরোগ চির আরোগ্য ও
নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

**৪৪** বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর সি-এস প্রভৃতি উপাধি-ধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ আর-সি-এস ইত্যাদি ; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি এম, কাপ্তেন এস, এন, চৌধুরী আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর সি-পি, ডাঃ পুষং এম ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২॥০, ছোট ১৸০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ
গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয় ; দেহ সতেজ হয় ; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত, আমবাত, সর্দ্দি, কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকালব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲ ; ৩টী একত্রে ৫॥০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং**
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

বাঙলার ও বাঙালীর নিজস্ব প্রতিষ্ঠান

## হিন্দুস্থান কো-অপারেটিভ

ইনসিওরেন্স সোসাইটী লিমিটেড

নূতন বীমা
( ১৯৩৭-৩৮ )
৩ কোটি টাকার উপর

—বোনাস—

প্রতি বৎসর প্রতি হাজারে
মেয়াদী বীমায় ১৮৲ আজীবন বীমায় ১৫৲

| | | | | | |
|---|---|---|---|---|---|
| চল্‌তি বীমা (১৯৩৬-৩৭) | ১২ | কোটি | ৮৫ | লক্ষের | উপর |
| বীমা তহবিল | „ | ২ | „ | ৩২ লক্ষের | „ |
| মোট সংস্থান | „ | ২ | „ | ৬০ „ | „ |
| প্রিমিয়াম আয় | „ | ... | ... | ৬২ „ | „ |
| দাবী শোধ | „ | ১ | কোটি | ৪০ „ | „ |

হেড আফিস—হিন্দুস্থান বিল্‌ডিংস, কলিকাতা
ব্রাঞ্চ—বোম্বে, মান্দ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, পাটনা, নাগপুর ও ঢাকা।
এজেন্সি—ভারতের সর্ব্বত্র ও ভারতের বাহিরে।

রাজশেখরী

## আয়ুর্ব্বেদ ভবন

যথাসম্ভব সুলভে সম্পূর্ণ বিশুদ্ধ ও অকৃত্রিম আয়ুর্ব্বেদীয়
ঔষধ প্রাপ্তির ও চিকিৎসার বিশ্বাসযোগ্য
প্রতিষ্ঠান।
(স্থাপিত—সন ১৩৩২ সাল।)

ক্যাটালগের জন্য পত্র লিখুন।

প্রতিষ্ঠাতা ও চিকিৎসক—
**কবিরাজ শ্রীরোহিণীকুমার রায় বি-এ, কবিরত্ন**
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

২৮শে ভাদ্র বুধবার সন ১৩৪৫ সাল

## হনুমানের ছাগপ্রীতি

গত পূর্ব্ব সপ্তাহে জঙ্গিপুর সবডিভিসনাল ট্রেজারীর পোদ্দার শ্রীযুক্ত তারাপদ মুখোপাধ্যায় মহাশয়ের একটী ছাগলকে এক বৃহদাকার শৃগালে আক্রমণ করিয়া বধ করিবার জন্য কামড়াইয়া ধরে। বাড়ীর মেয়েছেলেরা এই দৃশ্য দেখিয়া হৈ চৈ করিয়া উঠে। পুরুষ লোক বাড়ীতে না থাকায় ছাগটীকে উদ্ধার করিবার জন্য কেহই অগ্রসর হইতে সাহস করে নাই। গাছের উপরে কতকগুলি হনুমান ছিল। তাহাদের মধ্যে এক জবরদস্ত বীর নীচে নামিয়া শৃগালটীকে বিরাশী সিক্কার কয়েকটী চড় লাগাইতেই শৃগাল তাহার মুখের শিকার পরিত্যাগ করিতে বাধ্য হয়। হনুমানটী গাছে উঠিয়া গেলে আবার সুযোগ বুঝিয়া শৃগাল ছাগটীকে ধরে, এবারও হনুমান আরও অধিক বিক্রমের সহিত শৃগালকে আক্রমণ করিয়া ছাগটীকে উদ্ধার করে এবং শৃগালটীকে তাড়া করিয়া জলে সাঁতার দিয়া পলাইতে বাধ্য করে। তারাপদ বাবু নিজে আমাদের নিকট তাঁহার এই ছাগোদ্ধার কাহিনী বর্ণনা করিয়াছেন।

---

## নূতন হলটিং প্লেস

ইষ্ট ইণ্ডিয়ান রেল কোম্পানী বি, এ, কে লাইনের খাগড়া ঘাট ও চিরুটি ষ্টেশনের মধ্যে বাহারুল নামক স্থানে একটী হলটিং প্লেস খুলিয়াছেন। এখন হইতে ৭১নং আপ ও ৭২নং ডাউন লাইট ট্রেণ ঐ স্থানে থামিবে। এই ব্যবস্থায় ঐ অঞ্চলের যাত্রীদের সুবিধা হইবে।

---

## ষাঁড়ের গুঁতোয় মানুষ খুন

গত ৮ই সেপ্টেম্বর গভর্ণমেণ্ট প্রদত্ত একটী ষাঁড় বেলডাঙ্গার আবদুল কাদের নামক জনৈক কৃষাণকে শৃঙ্গের গুঁতা দিয়া মারিয়া ফেলিয়াছে।

ইহাও প্রকাশ যে, উক্ত ষাঁড় দ্বারা হালচাষ আরম্ভ করান হইয়াছিল এবং তাহাকে প্রহার করা হয়। ফলে সে রাগান্বিত হইয়া কৃষাণটীকে শৃঙ্গের গুঁতা দেয় এবং তাহার ফলেই লোকটী মারা যায়।

---

## জলে ডুবিয়া মৃত্যু

কান্দীর শ্রীযুক্ত বগলারঞ্জন চট্টোপাধ্যায় মহাশয়ের দেড় বৎসর বয়স্ক শিশু পুত্র অসাবধানতা বশতঃ বাড়ীর নিকটস্থ খিড়কী পুষ্করিণীর জলে ডুবিয়া মারা গিয়াছে।

---

## সরকারী শিল্প বিভাগের উদ্যম

### বেকার যুবকদিগকে সাবান তৈয়ারী শিক্ষা দানের ব্যবস্থা

বাংলার মধ্যবিত্ত সম্প্রদায়ের যুবকদের বেকার সমস্যা সমাধানের পরিকল্পনা অধিকতর ফলবতী করিবার জন্য সরকারী শিল্পবিভাগ কাপড় কাচা সাবান তৈয়ারী শিক্ষাদানের জন্য নূতন একদল যুবক সংগ্রহের সিদ্ধান্তে উপনীত হইয়াছে। মোট ছয় মাসের জন্য ইটালী ক্যানাল সাউথ রোডস্থ সরকারী শিল্প-গবেষণাগারে শিক্ষা দেওয়া হইবে। যাহারা শিক্ষা শেষে স্বাধীনভাবে জীবিকা নির্ব্বাহের পক্ষপাতী কেবলমাত্র তাহাদিগকেই ভর্ত্তি করা হইবে।

---

## মুর্শিদাবাদ বন্যায় সরকারী সাহায্য

মুর্শিদাবাদ জেলার লালবাগ, জঙ্গিপুর এবং সদর মহকুমায় প্রবল বন্যার দরুণ যে নিদারুণ দুর্দ্দশা উপস্থিত হইয়াছে স্থানীয় অফিসারগণ তাহা হৃদয়ঙ্গম করিয়া অনতিবিলম্বে জনসাধারণের দুঃখ যথাসম্ভব নিবারণ করিবার বন্দোবস্ত করিয়াছেন। দুর্দ্দশাগ্রস্তদের ভিতর যাহাতে কেহই বাদ না যায় সে জন্য সাহায্যদান প্রথা বিশেষ শৃঙ্খলার সহিত সংগঠিত হইয়াছে। দানরূপে যে সাহায্য দেওয়া হইতেছে শুধু তাহারই জন্য ২৫ হাজার টাকা মঞ্জুর করা হইয়াছে। বন্যাপীড়িত মহকুমাগুলির প্রত্যেক থানায়ই সরকারী কর্ম্মচারীগণের তত্ত্বাবধানে সাহায্য কেন্দ্র খোলা হইয়াছে। গৃহহারা সহায় সম্পদহীন ব্যক্তিদিগকে চাল, ডাল, আটা ইত্যাদি প্রচুর পরিমাণে দান করা হইতেছে। এই জেলায় কৃষিঋণরূপে গভর্ণমেণ্ট যে ৫০ হাজার টাকা দিয়াছেন, ইতিমধ্যেই তাহা উক্ত তিন মহকুমার ম্যাজিষ্ট্রেটদের নিকট পাঠাইয়া দেওয়া হইয়াছে এবং যদি আরও ঋণদানের প্রয়োজন হয়, তবে তাহার পরিকল্পনা পাঠাইবার জন্য তাঁহাদিগকে বলা হইয়াছে। ইহারই মধ্যে আবার ২৫ হাজার টাকা কৃষিঋণরূপে মঞ্জুর করা হইয়াছে। সঙ্গে সঙ্গে এই উপদেশও দেওয়া হইয়াছে, যেন স্থানীয় অবস্থা বিশেষভাবে পর্য্যবেক্ষণ করিয়া দেখা হয় এবং লোকদিগকে কাজ দিয়া সাহায্য করা যায় কিনা সে সম্বন্ধে পরীক্ষামূলকভাবে কার্য্যারম্ভের পন্থা উদ্ভাবন করা হয় এবং যেখানে সম্ভবপর হয় সেখানে যেন যাহারা মজুরী নিয়া কাজ করিতে সক্ষম তেমন সুস্থ শরীর ও কার্য্যক্ষম লোকদিগকে নানা কাজে— যেমন জঙ্গল কর্ত্তন, পুকুরের আগাছা পরিষ্কার ইত্যাদি শ্রেণীর কার্য্যে নিয়োগ করা হয়।

---

## ম্যাট্রিক পরীক্ষার নূতন নিয়ম

### শতকরা ৬০ নম্বর প্রথম বিভাগ

গত ১লা সেপ্টেম্বরের "কলিকাতা গেজেটে" প্রকাশ যে, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নূতন ম্যাট্রিকুলেশন নিয়মকানুনের ১৩ এবং ১৪ ধারা অনুমোদিত হইয়াছে। ধারা দুইটির মর্ম্ম এই—

"(১৩) ম্যাট্রিকুলেশন পরীক্ষায় পাশ করিতে হইলে পরীক্ষার্থীকে নিম্নহারে নম্বর রাখিতে হইবে—(ক) মাতৃভাষা এবং ইংরেজীতে মোট নম্বরের শতকরা ৩৬ ভাগ রাখিতে হইবে; (খ) অন্যান্য প্রত্যেক বিষয়ে শতকরা ৩০ নম্বর রাখিতে হইবে; (গ) সমস্ত বাধ্যতামূলক পাঠ্য বিষয়ে মোট নম্বরের গড়ে শতকরা ৩৬ ভাগ রাখিতে হইবে।"

"(১৪) যে সমস্ত পরীক্ষার্থী গড়ে শতকরা ৬০ নম্বর পাইবে, তাহাদিগকে প্রথম বিভাগে পাশ বলিয়া গণ্য করা হইবে। যাহারা শতকরা ৫০ নম্বর পাইবে, তাহাদিগকে দ্বিতীয় বিভাগে পাশ বলিয়া গণ্য করা হইবে। অপরাপর পাশ ছাত্রগণ তৃতীয় বিভাগে পাশ বলিয়া গণ্য হইবে। যদি কোন পরীক্ষার্থী বাধ্যতামূলক পাঠ্য বিষয়ে পাশ করে এবং গড়ে তাহার পাশের নম্বর থাকে, তাহা হইলে অতিরিক্ত বিষয়ে সে শতকরা ৩০ নম্বরের যত অধিক নম্বর পাইবে, তাহা তাহার মোট নম্বরের সহিত যোগ হইবে এবং ঐ মোট নম্বর অনুসারে তাহার বিভাগ এবং স্থান ঠিক হইবে।"

---

## পণপ্রথা নিবারণ বিল

বঙ্গীয় ব্যবস্থা পরিষদে রায় বাহাদুর সুরেন্দ্রনারায়ণ সিংহ পণপ্রথা বন্ধ করিবার জন্য একটী বিল উপস্থিত করিয়াছেন। যিনি বিবাহে পাত্রীর নিকট হইতে পণ গ্রহণ করিবেন, তিনি এই বিল অনুসারে ১ বৎসর সশ্রম কারাদণ্ড অথবা ২ হাজার টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ড লাভ করিবেন। পণপ্রথার জন্য যে কত কোমলস্বভাবা কন্যা পিতার অপমান ও অর্থাভাব দেখিয়া পিতাকে রক্ষা করিবার জন্য আত্মাহুতি দিয়াছে তাহার ইয়ত্তা নাই। এই পণপ্রথা দেশ হইতে দূর হইলে বাঙ্গলার একটী কলঙ্ক দূর হইবে। অভিভাবকগণ বিলরচয়িতার প্রতি কৃতজ্ঞ হইবেন।

এই সঙ্গে পণপ্রথার আর একটা দিকের কথা পুনরুক্তি করা প্রয়োজন হইয়াছে। আমরা ইতিপূর্ব্বে ফরাসী দেশের পণ প্রথার কথা উল্লেখ করিয়াছি। সে দেশে পিতা যে পণ দেন তাহা আইনানুসারে কন্যারই থাকে কেহ তাহাতে হস্তক্ষেপ করিলে তাহার দণ্ড হয়। সন্তানহীন কন্যার মৃত্যুতে ঐ অর্থ পিতা ফিরিয়া পান। এই প্রথায় কন্যা অর্থনৈতিক স্বাধীনতা লাভ করে। এইরূপ কোন ব্যবস্থা আমাদের দেশেও হওয়া প্রয়োজন। আমরা আশা করি এরূপ কোন ব্যবস্থাও উক্ত বিলের অন্তর্ভুক্ত হইবে।

সঞ্জীবনী

---

## পিতার যোগ্য পুত্রী

সার দেবপ্রসাদ সর্ব্বাধিকারীর দ্বিতীয়া কন্যা শ্রীমতী নীহারবালা মিত্র মহাশয়া তাঁহার স্বর্গগত পিতার স্মৃতিরক্ষার্থে কলিকাতা বিশ্ববিদ্যালয়ে তিন হাজার টাকা দান করিয়াছেন। ইহার লভ্যাংশ হইতে দুই বৎসর অন্তর বিশিষ্ট বৈজ্ঞানিককে একটী করিয়া "সার দেবপ্রসাদ সর্ব্বাধিকারী স্বর্ণ পদক" প্রদত্ত হইবে। ১৯৩৯ সালে দেবপ্রসাদের সহপাঠী ও বন্ধু সার প্রফুল্লচন্দ্রকে এই পদক দেওয়া হইবে, স্থির হইয়াছে।

---

## মুসলমান ও অনুন্নত সম্প্রদায়ের ছাত্র

বাঙ্গালা সরকারের প্রচার বিভাগ হইতে জানান হইয়াছে যে, মেডিকেল কলেজ ও স্কুলের মেধাবী দরিদ্র মুসলমান ও অনুন্নত সম্প্রদায়ের ছাত্রদিগকে সাহায্য দানের ব্যবস্থা করিবার জন্য একটী পরিকল্পনা বাঙ্গালা গভর্ণমেণ্টের বিবেচনাধীন আছে। এই পরিকল্পনা অনুসারে সুনির্দ্দিষ্ট ব্যবস্থা অবলম্বিত হইবার পূর্ব্বে বর্ত্তমান বৎসরের জন্য বাঙ্গালা গভর্ণমেণ্ট নিম্নলিখিত হারে উক্ত দুইটী সম্প্রদায়ের দরিদ্র মেধাবী মেডিকেল ছাত্রদিগকে বৃত্তি দানের ব্যবস্থা করিয়াছেন:—

কলিকাতা মেডিকেল কলেজের মুসলমান ছাত্র অত্যন্ত মেধাবী অথচ দরিদ্র এইরূপ তিনটী ছাত্রের জন্য মাসিক ৩০৲ টাকা করিয়া বৃত্তির ব্যবস্থা হইয়াছে। ইহা ব্যতীত মাসিক ২৫৲ টাকা হিসাবে তিনটী ছাত্রের জন্য, মাসিক ২০৲ টাকা হিসাবে ২টী ছাত্রের জন্য এবং মাসিক ১৫৲ টাকা হিসাবে ৩টি ছাত্রের জন্য বৃত্তির ব্যবস্থা হইয়াছে।

ক্যাম্বেল মেডিকেল স্কুলের ১০টী দরিদ্র মেধাবী মুসলমান ছাত্রকে মাসিক ২০৲ টাকা করিয়া বৃত্তি দিবার ব্যবস্থা হইয়াছে।

ঢাকা মেডিকেল স্কুলে ৮টী মেধাবী দরিদ্র মুসলমান ছাত্রকে মাসিক ১৫৲ টাকা করিয়া বৃত্তি দেওয়া হইবে।

অন্যান্য মেডিকেল স্কুলে ৪টী করিয়া মেধাবী দরিদ্র মুসলমান ছাত্রকে ১৫৲ টাকা করিয়া বৃত্তি দেওয়া হইবে। অর্থাৎ অন্যান্য ৪টী স্কুলে মোট ১৬টী ছাত্রকে বৃত্তি দেওয়া হইবে।

উল্লিখিত ৪৫টী বৃত্তি এই বৎসরের নূতন ছাত্রগণ প্রাপ্ত হইবে। মুসলমান ছাত্রদিগকে বৃত্তি দেওয়ার উদ্দেশ্যে মোট ৩৫০০০৲ টাকা এই বৎসরের বাজেটে নির্দ্ধারিত হইয়াছে। উহা হইতে উদ্বৃত্ত অর্থ উচ্চ শ্রেণীর ছাত্রদিগকে বৃত্তি দিবার জন্য এবং যন্ত্রপাতি ক্রয়ের জন্য ব্যয় করা হইবে।

### মেডিকেল কলেজের অনুন্নত সম্প্রদায়ের ছাত্র

দরিদ্র অথচ মেধাবী এইরূপ একটী ছাত্রকে মাসিক ৩০৲ টাকা করিয়া বৃত্তি দেওয়া হইবে। ইহা ব্যতীত অন্য দুইটী ছাত্রকে মাসিক ২০৲ টাকা করিয়া বৃত্তি দেওয়া হইবে।

ক্যাম্বেল মেডিকেল স্কুলে অনুন্নত সম্প্রদায়ের দরিদ্র মেধাবী ৩টী ছাত্রকে মাসিক ২০৲ টাকা করিয়া বৃত্তি দেওয়া হইবে।

# তারা বার্লী

আমাদের বিশেষত্ব




আমাদের এই তারা বার্লী আধুনিক উন্নত বৈজ্ঞানিক প্রণালী অনুযায়ী মেসিনে এবং সেই শক্তিবান বার্লী বিশেষজ্ঞ শ্রীযুক্ত টি পি, বসু মহাশয়ের চাক্ষুস ও সংশ্লিষ্ট তত্ত্বাবধানতায় প্রস্তুত। ইহারই একমাত্র বিজ্ঞ কর্ম্ম দক্ষতায় একদিন এসিয়া মহাদেশের সুপ্রসিদ্ধ বিস্কুট ও বার্লী প্রস্তুত কারক স্বনামধন্য স্বর্গীয় (শ্রীযুক্ত) কে, সি, বসু মহাশয় বিস্কুট ও বার্লী প্রচলন করিয়া জগতে আদর্শ স্থানীয় হইয়া ছিলেন। এই ব্যবসায় ইহার অভিজ্ঞতা ১৬ বৎসরের ও অধিক কালের। ইহা হস্ত পৃষ্ট নহে।

টি, পি, বসু এণ্ড কোম্পানী লিঃ
তারা ভিটাফুড ফ্যাক্টরী
পোঃ বাগবাজার কলিকাতা



## বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

এখানে মহাত্মা আনন্দ ঋষির আয়ুর্ব্বেদিক হোমিও ঔষধ প্রস্তুত হইতেছে। ডাক্তার বি, রায়কে পত্র লিখিয়া জানুন।




### সার্জ্জারী জগতে যুগান্তর !

মহাত্মা আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র অপেরীণ ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, ঠুনকা, মুখের ব্রণ, পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমুল প্রভৃতি যন্ত্রণাপ্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয়। মূল্য প্রতি শিশি ১৲, ডজন ১০৲ মাত্র।

**দামোদর সুধা** — ইহা সেবনে ম্যালেরিয়া জ্বর, প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বর, নূতন পুরাতন জ্বর, পালা ও কম্প জ্বর, পিত্তশ্লেষ্মায় জ্বর প্রভৃতি সর্ব্বপ্রকার জ্বর অতি সত্বর আরোগ্য হয়। মূল্য ॥৵০ প্লীহার মালিষ সমেত ১৲

### ভাইট্যালী—জীবনীশক্তিবর্দ্ধক !

ইহা সেবনে—প্রমেহজনিত স্নায়বিক দৌর্ব্বল্য, মাথাঘোরা, শারীরিক শীর্ণতা, অম্ল, অজীর্ণ, প্রস্রাবের দোষ, বহুমূত্র, দুঃস্বপ্ন, অর্শ, এবং স্ত্রীলোকদিগের বাধক, শ্বেত ও রক্তপ্রদর এবং সূতিকা প্রভৃতি আরোগ্য হয়। মূল্য ১৲ মাত্র। কলিকাতায় এম, ভট্টাচার্য্য এণ্ড কোং এজেণ্ট আছেন।

প্রাপ্তিস্থান **ডাঃ বি, রায় এণ্ড কোং, কেমিষ্টস্**
ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা

পত্র লিখিলে একটী গঙ্গাদেবী অবতরণের সুন্দর ছবিসহ ১৩৪৫ সালের ক্যালেণ্ডার পাইবেন।



### হোমিও ঔষধ !  হোমিও ঔষধ !!

সস্তায় বিশুদ্ধ—বিশুদ্ধতার জন্য গ্যারাণ্টি।

সাধারণ শক্তি (potency) ৩, ৬, ৩০ প্রতি ড্রাম ৵০, ২০০ প্রতি ড্রাম ৵৫ মাত্র। উৎকৃষ্ট সুগার, গ্লোবিউল, কর্ক, শিশি ইত্যাদি বিক্রয় হয়। প্রতি টাকায় ⁄০ কমিশন বাদ

প্রাপ্তিস্থান—অটলবিহারী-শাখা-ঔষধালয়।
ডাক্তার শ্রীদেবেন্দ্রচন্দ্র দাস (হোমিওপ্যাথ) রঘুনাথগঞ্জ, চাউলপট্টি, (মুর্শিদাবাদ)



মশক বাহনে মৃত্যু আসিবার পূর্ব্বে—



তাহার সহচর—ম্যালেরিয়া, কালাজ্বর, ও প্লীহাযকৃৎ বিকৃতি জন্য অবিরাম জ্বরের কবল হইতে নিষ্কৃতিলাভের জন্য সদ্যঃফলপ্রদ 'পল্টন' মার্কা পাচন সেবন করুন।

৫০ বৎসরাধিক অভিজ্ঞতায় প্রস্তুত 'পল্টন' মার্কা পাচন মৃতপ্রায় জ্বররোগিকে নিরাময় করে।

প্রতি বোতল ॥০ আনা।
ডাকমাশুলাদি স্বতন্ত্র।



সি, কে, সেন এণ্ড
— কোম্পানী লিমিটেড —
২৯, কলুটোলা - কলিকাতা।



# সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ
শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম এ, এফ সি এস (লণ্ডন)
ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক

ব্রাঞ্চ :—শ্যামবাজার (মার্কেট) কলিকাতা * ২১৩ বৌবাজার (কলিকাতা) ৬৭।৪ ষ্ট্রাণ্ড রোড (বড়বাজার) কলিকাতা * চট্টগ্রাম * জমসেদপুর (সাকচী হাইওয়ে) বিহার * তিনশুকিয়া (আসাম) * গৌহাটী (আসাম) * দিনাজপুর * পাটনা (বিহার) * পাটুয়াটুলী (ঢাকা) * বগুড়া * বর্দ্ধমান * ভাগলপুর (বিহার) * মানিকগঞ্জ * মেদিনীপুর রেঙ্গুন (২০২ লুইস ষ্ট্রীট) ব্রহ্মদেশ * লাহোর (পাঞ্জাব) * সিঙ্গাপুর (মালয় দেশ)।
লণ্ডন এজেন্সি—হাই-হলবরণ * কলম্বো (সিলোন)।

সর্ব্ববিধ ঔষধ বিশুদ্ধভাবে ও আয়ুর্ব্বেদশাস্ত্রমতে আমার নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হইতেছে। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। বিস্তারিত অবস্থা জানাইলে যত্নের সহিত উপযুক্ত ব্যবস্থা দেওয়া হয়।

মকরধ্বজ (বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ * বিশুদ্ধ চ্যবনপ্রাশ সের ৩৲
শুক্রসঞ্জীবন সের ১৬৲ * অবলাবান্ধব যোগ ১৬ মাত্রা ২৲


রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।